গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ট্রাস্টি বোর্ডের কার্যালয় (অস্থায়ী)
বিআরটিএ ভবন, নতুন বিমান বন্দর সড়ক
বনানী, ঢাকা-১২১২

স্মারক নং-৩৫.০৩.০০০০.০০৫.০৪.৯০.২১(অংশ-১)- ৩৫৬ তারিখ:০১.০৯.২০২৪ খ্রি.

## অফিস আদেশ

সড়ক পরিবহন আইন, ২০১৮ এর অধীনে প্রণীত সড়ক পরিবহন বিধিমালা, ২০২২ বিগত ২৭.১২.২০২২ খ্রি. তারিখ হতে কার্যকর হয়েছে। সড়ক দুর্ঘটনায় ক্ষতিগ্রস্তদের ট্রাস্টি বোর্ডের আর্থিক সহায়তা তহবিল হতে সহায়তা প্রদানের প্রক্রিয়া শুরু হয়েছে। ইতোমধ্যে বিভিন্ন অঞ্চল হতে সড়ক দুর্ঘটনায় ক্ষতিগ্রস্তদের আর্থিক সহায়তার জন্য বিধিমালার নির্ধারিত ফরমে (সড়ক পরিবহন বিধিমালা ২০২২ ফরম নং ৩২) ট্রাস্টি বোর্ডের অধীনে আবেদন জমা পড়ছে, যার সংখ্যা প্রতিনিয়ত বৃদ্ধি পাচ্ছে। সড়ক দুর্ঘটনায় হাসপাতালসমূহের সংশ্লিষ্টতার গুরুত্ব বিবেচনায় ০১.০৯.২০২৪ খ্রি. তারিখে অনুষ্ঠিত ট্রাস্টি বোর্ডের ৯ম সভার সিদ্ধান্ত মোতাবেক ইতিপূর্বে ২০.১১.২০২৩ খ্রি. তারিখের ৩৫.০৩.০০০০.০০৫.০৪.৯০.২১(অংশ-১)-১৩৫৪ নং স্মারক মূলে গঠিত কমিটি সংশোধনপূর্বক সারাদেশে দুর্ঘটনাস্থল সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী কর্মকর্তাদের সভাপতি করে নিম্নোক্তভাবে স্থায়ী অনুসন্ধান কমিটি পুনর্গঠন করা হলো:

| ক্র: নং | পদবী | কমিটিতে পদবী |
|---|---|---|
| ১) | উপজেলা নির্বাহী কর্মকর্তা (ইউএনও) (সংশ্লিষ্ট উপজেলা) | সভাপতি |
| ২) | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা | সদস্য |
| ৩) | অফিসার ইনচার্জ, সংশ্লিষ্ট থানা | সদস্য |
| ৪) | সড়ক পরিবহন মালিক সমিতির একজন প্রতিনিধি (সংশ্লিষ্ট জেলা) | সদস্য |
| ৫) | সড়ক পরিবহন শ্রমিক ফেডারেশনের একজন প্রতিনিধি (সংশ্লিষ্ট জেলা) | সদস্য |
| ৬) | সহকারী পরিচালক (ইঞ্জি), বিআরটিএ সংশ্লিষ্ট সার্কেল | সদস্য সচিব |

<u>কর্ম-পরিধি:</u>

ক) অধিক্ষেত্র এলাকায় সংঘটিত সড়ক দুর্ঘটনার সত্যতা যাচাই ও বিধিমালার ফরম নং-৩২ অনুযায়ী প্রাপ্ত আবেদনের তথ্যাদি যাচাই;

খ) উত্তরাধিকার সনদ, ক্ষমতাপত্র, মৃত্যু সনদ ইত্যাদি যাচাই;

গ) যার নামে আর্থিক সহায়তার চেক প্রদান করা হবে তার পক্ষে যাবতীয় কাগজপত্র/তথ্যাদি বিবেচনায় সুপারিশ;

ঘ) তদন্ত কমিটি আর্থিক সহায়তার আবেদন প্রাপ্তির পর বিধিমোতাবেক যাচাই-বাছাই/তদন্তপূর্বক নির্ধারিত সময়ে প্রতিবেদন দাখিল করবেন।

০১/০৯/২০২৪
গৌতম চন্দ্র পাল
(অতিরিক্ত সচিব)
চেয়ারম্যান, বিআরটিএ
ও
চেয়ারম্যান, ট্রাস্টি বোর্ড
ফোন: ৫৫০৪০৭১১

স্মারক নং-৩৫.০৩.০০০০.০০৫.০৪.৯০.২১(অংশ-১)- ৩৫৭ তারিখ: ০১.০৯.২০২৪খ্রি.

<u>বিতরণ:</u>

১। উপজেলা নির্বাহী কর্মকর্তা (ইউএনও)...................................... (সকল);
২। উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা ....................(সকল);
২। অফিসার ইনচার্জ, সংশ্লিষ্ট থানা ........................(সকল);
৩। সহকারী পরিচালক (ইঞ্জি:), বিআরটিএ........................... সার্কেল অফিস (সকল)।

<u>অনুলিপি: সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)</u>

১। জেলা প্রশাসক, ..........................................................(সকল);
২। পুলিশ সুপার...................................................(সকল);
৩। মাননীয় উপদেষ্টার একান্ত সচিব, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
৪। সিনিয়র সচিবের একান্ত সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
৫। মহাসচিব, বাংলাদেশ সড়ক পরিবহন মালিক সমিতি, ১১৭ কাজী নজরুল ইসলাম এভিনিউ, রমনা, ঢাকা;
৬। সভাপতি/সাধারণ সম্পাদক, বাংলাদেশ সড়ক পরিবহন শ্রমিক ফেডারেশন, ২৮, রাজউক এভিনিউ, ঢাকা;
৭। সহকারী প্রোগ্রামার, বিআরটিএ সদর কার্যালয়, বনানী, ঢাকা (তাঁকে বিআরটিএ'র ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ);
৮। সংশ্লিষ্ট নথি।